কোটচাঁদপুরে যৌথবাহিনীর অভিযানে জামায়াত নেতা নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার নওদাপাড়া গ্রামে শনিবার মধ্যরাতে যৌথবাহিনীর অভিযানের সময় কথিত বন্দুকযুদ্ধে কোটচাঁদপুর উপজেলা জামায়াতের অর্থ সম্পাদক এনামুল হক বিশ্বাস (৫৫) নিহত হয়েছেন।

এনামুল হক কোটচাঁদপুর উপজেলার চাঁদপাড়া গ্রামের আব্দুল মালেক বিশ্বাসের ছেলে এবং বলরামপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক।

স্থানীয়রা জানান, শনিবার দুপুর দুইটার দিকে কোটচাঁদপুর উপজেলা পরিষদ চত্বর থেকে শত শত মানুষের সামনে থেকে সাদা পোষাকের পুলিশ এনামুলকে ধরে নিয়ে যায়। এ খবর পুরো জেলায় ছড়িয়ে পড়ে। আজ রোববার আটকের খবরটি স্থানীয় ও জাতীয় দৈনিকে প্রকাশিত হয়। জামায়াতের অভিযোগ এনামুলকে ধরে নিয়ে ঠান্ডা মাথায় গুলি করে হত্যা করা হয়েছে।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এম শাহজাহান দাবি করেন, শনিবার দিনগত রাত দুইটার দিকে কোটচাঁদপুর উপজেলার নওদাপাড়া স্কুলের কাছে কতিপয় সন্ত্রাসী অবস্থান করার খবর পেয়ে যৌথবাহিনীর সদস্যরা সেখানে অভিযান চালায়। যৌথবাহিনীর উপস্থিতি টের পেয়ে সন্ত্রাসীরা গুলি ও বোমা ছুড়লে বিজিবি, র‌্যাব ও পুলিশের সমন্বয়ে গঠিত যৌথবাহিনী পাল্টা জবাব দেয়। আধাঘণ্টাব্যাপী চলা এই 'বন্দুকযুদ্ধে' একজন গুলিবিদ্ধ হয়ে আহত হন। তাকে উদ্ধার করে দ্রুত ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে রোববার ভোর ৪টার দিকে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। নিহত ব্যক্তি এনামুল হক বিশ্বাস জামায়াতের নেতা বলে পুলিশ জানায়।

নিহত এনামুলের লাশ ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালে পাঠানো হয়েছে। এ ব্যাপারে কোটচাঁদপুর থানায় একটি মামলা হয়েছে বলে ওসি জানান।

এদিকে কোটচাঁদপুর উপজেলা জামায়াতের আমির তাজুল ইসলাম অভিযোগ করেন, শনিবার দুপুর দুইটার দিকে কোটচাঁদপুর উপজেলা পরিষদ চত্বর থেকে শত শত মানুষের সামনে থেকে জামায়াত নেতা এনামুল হককে সাদা পোষাকের পুলিশ ধরে নিয়ে যায়। এরপর রোববার ভোরে তাকে যৌথবাহিনী গুলি করে হত্যা করে। নিহত জামায়াত নেতা এনামুল হক কোটচাঁদপুর উপজেলা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী জামায়াতের আমির তাজুল ইসলামের সমর্থনকারী। এ ঘটনায় জোটগতভাবে হরতালসহ কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে বলে জানান তিনি।

ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি নির্বাচন-২০১৪ সম্পন্ন

আবদুল জব্বার সভাপতি ও আতিকুর রহমান সেক্রেটারি জেনারেল

ইসলামী ছাত্রশিবিরের ২০১৪ সেশনের জন্য কেন্দ্রীয় সভাপতি নির্বাচন ও সেক্রেটারি জেনারেল মনোনয়ন সম্পন্ন হয়েছে। কেন্দ্রীয় সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন মুহাম্মদ আবদুল জব্বার এবং সেক্রেটারি জেনারেল হিসেবে মনোনীত হয়েছেন আতিকুর রহমান।

সোমবার বিকাল ৩ টায় রাজধানীর এক মিলনায়তনে ছাত্রশিবিরের কেন্দ্রীয় কার্যকরী পরিষদের অধিবেশনে নির্বাচিত সভাপতির নাম ঘোষণা করা হয়। নাম ঘোষণার পর নব নির্বাচিত সভাপতিকে শপথ পাঠ করান ছাত্রশিবিরের সহকারী নির্বাচন কমিশনার ও সাবেক কেন্দ্রীয় সভাপতি নুরুল ইসলাম বুলবুল। সাংবিধানিক বাধ্যবাধকতা এবং ইতিহাস-ঐতিহ্যের আলোকে প্রতিবারের মতো এবারো গোপন ব্যালটের মাধ্যমে সারা দেশের সদস্যদের ভোট গ্রহণ করা হয়।

গত ২২ থেকে ২৪ জানুয়ারি সারা দেশে এক যোগে কেন্দ্রীয় সভাপতি নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় কার্যকরী পরিষদের অধিবেশনে নব নির্বাচিত কেন্দ্রীয় সভাপতির নাম ঘোষণা করা হয়। কেন্দ্রীয় সভাপতি ছাত্রশিবিরের সংবিধান অনুযায়ী ২০১৪ সেশনের জন্য কার্যকরী পরিষদের সাথে পরামর্শ করে আতিকুর রহমানকে সেক্রেটারি জেনারেল হিসেবে মনোনয়ন দান করেন।

নবনির্বাচিত কেন্দ্রীয় সভাপতি মুহাম্মদ আবদুল জব্বার এর আগে সেক্রেটারি জেনারেল, কেন্দ্রীয় দফতর সম্পাদক, সাহিত্য সম্পাদক, প্রকাশনা সম্পাদক এবং চট্টগ্রাম মহানগরী দক্ষিণ ও উত্তর শাখার সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন।

নব মনোনীত সেক্রেটারি জেনারেল আতিকুর রহমান ইতোপূর্বে কেন্দ্রীয় দফতর সম্পাদক, সাহিত্য সম্পাদক, প্রকাশনা সম্পাদক ও ঢাকা মহানগরী উত্তর শাখার সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন।

সাধারণত প্রতি বছর ছাত্রশিবিরের কেন্দ্রীয় সদস্য সম্মেলনে কেন্দ্রীয় সভাপতি নির্বাচনের ফলাফল ঘোষণা এবং শপথ অনুষ্ঠান হয়ে থাকে। কিন্তু বর্তমান আওয়ামীলীগ সরকারের অগণতান্ত্রিক আচরণের ফলে গত তিন বছরের মতো এবার সদস্য সম্মেলন অনুষ্ঠিত হয়নি। ফলে সংবিধান অনুযায়ী নির্বাচনের ফলাফল ঘোষণা ও সেক্রেটারি জেনারেল মনোনয়ন এর কাজ কার্যকরী পরিষদের অধিবেশনের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।

তার আগে সকাল ১০টায় ছাত্রশিবিরের ২০১৩ সেশনের কেন্দ্রীয় কার্যকরী পরিষদের সমাপনী অধিবেশন সম্পন্ন হয়েছে। ২০১৩ সেশনের সেক্রেটারি জেনারেল মোঃ আবদুল জব্বারের সভাপতিত্বে অধিবেশনে কার্যকরী পরিষদের সকল সদস্য ছাড়াও উপস্থিত ছিলেন ছাত্রশিবিরের সাবেক কেন্দ্রীয় সভাপতি, বাংলাদেশ জামায়াতে ইসলামীর নির্বাহী পরিষদ সদস্য নুরুল ইসলাম বুলবুল ও সাবেক কেন্দ্রীয় সভাপতি মো. সেলিম উদ্দিন। কার্যকরী পরিষদের ২০১৩ সেশনের সমাপনী অধিবেশন অনুষ্ঠিত হওয়ার পর ২০১৪ সেশনের জন্য কেন্দ্রীয় সভাপতি নির্বাচনের ফলাফল ঘোষণা ও শপথ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। প্রেস বিজ্ঞপ্তি।

শপথ গ্রহণ পরবর্তী বক্তব্যে শিবির সভাপতি

শাহাদাতের তামান্না বুকে ধারণ করে ইসলামী আন্দোলনকে কাঙ্ক্ষিত মঞ্জিলে নিয়ে যেতে হবে

শপথ গ্রহণ পরবর্তী বক্তব্যে নব-নির্বাচিত ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি মুহাম্মদ আবদুল জব্বার বলেন, আওয়ামী অপশাসনে সারাদেশ আজ কারাগারে পরিণত হয়েছে। নতুন বছরে কারারুদ্ধ দেশবাসীকে মুক্ত করার লড়াই চলবে। যৌথবাহিনী, পুলিশ, বিজিবি, র‌্যাব দিয়ে সারাদেশকে যেভাবে রক্তাক্ত করা হচ্ছে তার বিরুদ্ধে ছাত্রজনতা তীব্র প্রতিরোধ গড়ে তুলবে। আন্দোলনের ধারাবাহিকতায়ই ছাত্রশিবিরের সদ্য বিদায়ী কেন্দ্রীয় সভাপতি মোঃ দেলাওয়ার হোসেনসহ জাতীয় নেতৃবৃন্দকে কারামুক্ত করে জনতার বিজয় নিশ্চিত করা হবে।

সোমবার বিকাল ৩ টায় রাজধানীর এক মিলনায়তনে ছাত্রশিবিরের কেন্দ্রীয় কার্যকরী পরিষদের অধিবেশনে নির্বাচিত সভাপতির নাম ঘোষণা করা হয়। নাম ঘোষণার পর নব নির্বাচিত সভাপতিকে শপথ পাঠ করান ছাত্রশিবিরের সহকারী নির্বাচন কমিশনার ও সাবেক কেন্দ্রীয় সভাপতি নুরুল ইসলাম বুলবুল।

তার আগে সকাল ১০টায় ছাত্রশিবিরের ২০১৩ সেশনের কেন্দ্রীয় কার্যকরী পরিষদের সমাপনী অধিবেশন সম্পন্ন হয়েছে। ২০১৩ সেশনের সেক্রেটারি জেনারেল মো. আবদুল জব্বারের সভাপতিত্বে অধিবেশনে কার্যকরী পরিষদের সকল সদস্য ছাড়াও উপস্থিত ছিলেন ছাত্রশিবিরের সাবেক কেন্দ্রীয় সভাপতি, জামায়াতে ইসলামীর নির্বাহী পরিষদ সদস্য নুরুল ইসলাম বুলবুল ও সাবেক কেন্দ্রীয় সভাপতি মোঃ সেলিম উদ্দিন।

শিবির সভাপতি বলেন, কার্যকরী পরিষদের সমাপনী অধিবেশনে ছাত্রজনতার প্রিয় নেতা দেলাওয়ার হোসেন সভাপতিত্ব করার কথা থাকলেও জালিম সরকার তাকে অন্যায়ভাবে কারাগারে আটকে রাখায় তিনি আমাদের মাঝে উপস্থিত নেই। গ্রেফতারের পর থেকেই তাঁর ওপর অমানুষিক নির্যাতন করা হয়েছে। তাকে নির্যাতনের মাধ্যমে হত্যা করার ষড়যন্ত্র করা হয়েছে। নির্যাতনের ফলে তিনি পঙ্গু হয়েও কারা নির্যাতন থেকে রেহাই পাচ্ছেন না। জালিম সরকার মনে করেছিল ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতিকে আটকে রেখে এই সংগঠনের কাজকে দমাতে পারবে। কিন্তু তাদের সে ধারণা ভুল প্রমানিত হয়েছে। ছাত্রশিবিরের লাখো নেতা-কর্মী সর্বোচ্চ প্রচেষ্টার মাধ্যমে এই সংগঠনকে এগিয়ে নিয়ে গেছে। আমরা নিশ্চিত করে বলতে পারি, প্রিয় নেতা দেলাওয়ার হোসেন যখন কারামুক্ত হবেন, তখন দেশব্যাপী ছাত্রশিবিরের পক্ষে গণজাগরণ সৃষ্টি হবে।

তিনি বলেন, বর্তমানে যে সরকার দেশের ক্ষমতায় রয়েছে এ সরকারের কোন আইনি ও নৈতিক ভিত্তি নেই। সম্পূর্ণরূপে অবৈধ সরকার ছাত্রজনতাকে হত্যা করে ক্ষমতায় টিকতে চাইছে। বেপরোয়া সরকার বিচার বহির্ভূত হত্যার ধ্বংসাত্মক খেলায় মেতে উঠেছে। ইতিহাস সাক্ষী, বিচার বহির্ভূত হত্যার পরিণতি কোন শাসক গোষ্ঠীর জন্যই ভালো হয়নি। দেশের জনগণের রক্ত যে শাসকের হাতে লেগেছে, সেই সরকার কোনভাবেই টিকতে পারবে না। ছাত্রশিবির নেতাকর্মীরা ছাত্রজনতাকে সাথে নিয়ে ধৈর্য্য ও সাহসের সাথে যে আন্দোলন পরিচালনা করছে, সেই আন্দোলনের মাধ্যমেই এই জালিম সরকারের পতন ঘটবে। তিনি আরো বলেন, ত্যাগ কুরবানী ইসলামী আন্দোলনে খুব স্বাভাবিক প্রক্রিয়া। ছাত্রশিবিরের নেতাকর্মীরা ত্যাগের মহিমায় উজ্জীবিত হয়ে যে নজির স্থাপন করেছে তা বাংলাদেশের ইতিহাসে নতুন অধ্যায়ের সুচনা করেছে। শাহাদাতের তামান্না বুকে ধারণ করে ইসলামী আন্দোলনকে কাঙ্ক্ষিত মঞ্জিলে নিয়ে যেতে হবে। একই সাথে ঈমানী মজবুতি নিয়ে ময়দানে অতীতের মত জোরালো ভুমিকা পালন করে যেতে হবে।

নুরুল ইসলাম বুলবুল ২০১৩ সালে শাহাদাতবরণকারী ও নির্যাতিত নেতা-কর্মীদের কথা স্মরণ করে বলেন, ছাত্রশিবির নেতা-কর্মীরা নিজেদের জীবন বিলিয়ে দিয়ে, শত নির্যাতন সয়ে অপশাসন বিরোধী আন্দোলনে মাইলস্টোন রচনা করেছেন। শহীদ ভাইয়েরা যে প্রেরণায় আমাদের উজ্জীবিত করে গেছেন, সেই প্রেরণাকে বুকে নিয়ে আমরা সামনের সকল বাধা মাড়িয়ে যাব। ইসলাম ও দেশ বিরোধী ষড়যন্ত্র রুখে দিয়ে ছাত্রশিবিরই বাংলাদেশকে উজ্জ্বল ভবিষ্যতের দিকে এগিয়ে নিবে। তরুণ প্রজন্মের প্রতিনিধি হিসেবে ছাত্রশিবিরই জাতির মুক্তি আন্দোলনে নেতৃত্ব দেবে। শত বাধা আর নির্যাতনের পরও তরুণ প্রজন্ম ছাত্রশিবিরকেই মেধা বিকাশ, চরিত্র গঠন ও নেতৃত্বের জন্য গাইডলাইন হিসেবে গ্রহণ করেছে।

মো. সেলিম উদ্দিন বলেন, অসংখ্য ভাইয়ের শাহাদাতে আজ বাংলাদেশের যমীন কথা বলতে শুরু করেছে। ছাত্রশিবির আজ বাংলাদেশের প্রতিটি পরিবারে পৌঁছে গেছে। অগণিত ভাইয়েরা নিজের জীবন দিয়ে ছাত্রশিবিরকে যে উচ্চতায় তুলে ধরেছেন, ত্যাগের বিনিময়েই নেতা-কর্মীদের সে অবস্থান ধরে রাখতে হবে। আদশের দাওয়াত দেশের সকল শ্রেণী পেশার মানুষের কাছে পৌঁছে দিতে হবে। নিত্য নতুন কৌশল আর প্রজ্ঞাকে কাজে লাগিয়ে কর্মসূচি পালন করতে হবে। প্রেস বিজ্ঞপ্তি।

হোমিওপ্যাথিক প্রাকটিস

Homeopathic Practice

ব্রিটেন শিক্ষাপ্রাপ্ত ও পাশ করা বাংলাদেশি অভিজ্ঞ কনসালট্যান্ট মোঃ আলিম উদ্দিন আপনার সকল প্রকার জটিল ও কঠিন রোগ নিরাময়ে চিকিৎসা সেবা ও সুপরামর্শ প্রদানে নিযুক্ত। এখানে ইংরেজি, বাংলা এবং সিলেটের আঞ্চলিক ভাষায় আপনার রোগ সম্পর্কিত সকল গোপন কথা সহজ ও বিশ্বস্তভাবে খুলে বলতে পারবেন।

বর্তমানে যৌন অক্ষমতা নিয়ে অনেকেই অসুখী জীবনযাপন করছেন। যার স্থায়ী সমস্যা সমাধানে হোমিও চিকিৎসা অপরিহার্য। তাই হতাশা ছেড়ে চিকিৎসা গ্রহণ করুন এবং জীবনকে সুন্দর ও মধুময় করে গড়ে তুলুন।

যে সব রোগের চিকিৎসা করা হয় ঃ

একজিমা, সরাইসিস, বাতরোগ, বুকজ্বালা, মাইগ্রেন, হেফিভার, মাথাব্যথা, স্ত্রী রোগ প্রদর, এ্যাজমা, এলার্জি, টনসিলাইটিস, গ্যাস্টিক, আলসার, চুলপড়া, বাওকা, পাইলস, পুরুষত্বহীনতা, অতিরিক্ত ওজন কমানো, সন্তান না হওয়াসহ পুরুষ, মহিলা ও শিশুদের যাবতীয় নতুন-পুরাতন রোগের চিকিৎসা করা হয়।

Forest Gate Homeopathic Practice

Consultant

Md. Alim Uddin (B.S.Y. PAHCP)

484 Katherine Road, Forest Gate, London E7 8DP

Tel. 0208-4726750, Mob. 079-30480598

Time: Monday to Saturday, 10 am to 6 pm, Sundays closed.

A B M ASHABUL & CO

Accountants, Tax & Business Consultants

ABM ASHABUL &CO is a firm of Accountants in East London offering accountancy, taxation, business advisory and accounts support services to businesses and individuals. We have experienced UK qualified ACCA & CIMA accountants for your business. Our service is cost-effective, high value to suit your business need. We offer customers advice on financial planning, tax management and accounts preparation to improve your business and individual wealth.

Our Services:
- Accounts Preparation
- VAT Return
- Corporation Tax
- Personal Tax
- Tax Investigation
- FSA Compliance
- Company Formation
- Bookkeeping & Payroll
- Business Start Up
- Business Plan

Medium and Small Business:
- Annual Accounts for Company House
- Corporation Tax return preparation & Submission
- VAT registration & return Submission
- Book Keeping and Ledger Maintenance
- Payroll Support and Documentation
- Corporate Tax Return
- Payee Registration
- Inland Revenue Correspondence
- HMRC Investigation Support
- Tax Credit and Tax planning
- Business Plan
- Loan Application

Individual:
- Self-assessment Tax return
- Annual Tax return
- Tax credit
- HMRC investigation
- Self-employed accounts

Dubai Business Startup

We provide full incorporation service for Foreign Investors in
- Accounts Preparation
- VAT Return

FSA
- FSA Compliance reports
- FSA Applications & Registrations
- FSA Annul Returns
- Advice on Complaints
- Compliance Review

Business Support
- Overseas Incorporation
- Market Research
- Capital Projects
- Investment Appraisal
- Budgeting & Forecasting

ABM ASHABUL
Limehouse Court, 3-11 Dod Street, Canary Wharf, London E14 7EQ
Telephone: +44(0) 207 515 7080,
FAX: +44 (0) 207 972 2053, Mobile (Office): +44 (0) 771 827 7546

E: info@abmashabulandco.com
Web: www.abmashabulandco.com